



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
Bangladesh Madrasah Education Board, Dhaka.
www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১, অংশ/ ৫২০

তারিখঃ ২৮/০৪/২০১৬ খ্রিঃ।

২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে দাখিল ৯ম শ্রেণির (দাখিল পরীক্ষার-২০১৮) রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত মাদরাসা ও ইসলামি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত ফায়িল ও কামিল মাদরাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাখিল নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের সকল গ্রুপের রেজিস্ট্রেশন সম্পর্কিত নিয়মাবলি নিম্নে দেয়া হ'ল। ২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে দাখিল শ্রেণির রেজিস্ট্রেশন (অনলাইনে) e-SIF পদ্ধতিতে সম্পন্ন করা হবে।

রেজিস্ট্রেশন ফি জমাদান সংক্রান্ত নিয়মাবলী;

০১. ফি জমাদান ও e-SIF Submission এর তারিখ

ক্রমিক	বিষয়	তারিখ
ক)	বিলম্ব ফি ছাড়া ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী ফি ও জমা করার তারিখ	১১/০৫/২০১৬ থেকে ১২/০৬/২০১৬ পর্যন্ত
খ)	বিলম্ব ফি সহ ওয়েবসাইট থেকে প্রাপ্ত T.T. Slip অনুযায়ী ফি ও জমা করার তারিখ	১৩/০৬/২০১৬ থেকে ২২/০৬/২০১৬ পর্যন্ত
গ)	পূরণকৃত e-SIF Final Submission এর তারিখ	২৩/০৬/২০১৬ থেকে ৩০/০৬/২০১৬ পর্যন্ত
ঘ)	০৩ নং নির্দেশনার আলোকে প্রস্তুতকৃত কাগজ পত্র জমা দেয়ার সর্বশেষ তারিখ	১২/০৭/২০১৬ পর্যন্ত
ঙ)	T.T. করার ২৪ থেকে ৪৮ ঘন্টা পর টটলিস্ট অনুযায়ী ছবিসহ শিক্ষার্থীদের e-SIF পূরণ/এন্ট্রি করা যাবে।	

০২. e-SIF (Electronic student Information Form) পূরণ এবং Submission এর নিয়মাবলী;

একাধিক বার T.T. Slip প্রিন্ট করা যাবে। যেখানেই যার মাধ্যমে e-SIF তথ্য এন্ট্রি করা হোক না কেন তাদেরকে প্রথমে শুধু এন্ট্রি পাসওয়ার্ড দিতে হবে। এন্ট্রি পাসওয়ার্ড দিয়ে এন্ট্রির কাজ শেষে শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ তালিকার প্রিন্ট আউট নিয়ে ভালভাবে টটলিস্টের সাথে যাচাই বাছাই করতে হবে। যাচাই বাছাইয়ে যতবার ভুল ধরা পড়বে ততবার সংশোধিত প্রিন্ট নিতে হবে। সর্বশেষ নির্ভুল তালিকা হাতে পাওয়ার পর মাদরাসা প্রধান **Confirm Password** ব্যবহার করবেন। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট এর ০৩ (তিন) কপি (মূল) বের করে শিক্ষার্থী ও মাদরাসা প্রধানের স্বাক্ষরসহ ০২ (দুই) কপি বোর্ডে/অঞ্চলে উল্লেখিত তারিখে জমা দিতে হবে। অন্য কপি মাদরাসা প্রধান সংরক্ষণ করবেন। e-SIF এর ফটোকপি গ্রহণযোগ্য নয়।

০৩. মাদরাসা প্রধানগণ T.T. Slip, টটলিস্ট e-SIF কপি ও স্ব স্ব মাদরাসা প্যাডে আবেদন সহ ০৩ (তিন) সেট প্রস্তুত করে প্রতি পৃষ্ঠায় মাদরাসা প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষর করে উল্লেখিত তারিখে বোর্ডে/আঞ্চলিক কার্যালয়ে ০২ (দুই) সেট জমা দিয়ে ০১ (এক) সেট রিসিভ করিয়ে মাদরাসা প্রধানগণ ফেরত নিবেন। ০১ (এক) সেট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণ প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করে যথাসময়ে বোর্ডে জমা দিবেন এবং অপর ০১ (এক) সেট অঞ্চলে জমা রাখবেন।

০৪. বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির ৪৫২ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০১৪ সনে ৯ম শ্রেণিতে ভর্তির জন্য জেএসসি/জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এক বা একাধিক বিষয়ে ফেল করলে ৯ম শ্রেণিতে ভর্তি হতে পারবে না। জেডিসি/জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৬-২০১৭ শিক্ষা বর্ষে দাখিল ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন করতে পারবে।

০৫. e-SIF (Electronic student Information Form) Submission এর পর কোন অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিত কোন শিক্ষার্থীকে ছাড়পত্র (টি.সি) দেয়া যাবে না। তবে শুধু পিতা-মাতা বা বৈধ অভিভাবক সরকারী চাকুরিজীবী হলে চাকুরিস্থল পরিবর্তন জনিত কারণে বোর্ড বিশেষ জরুরী মনে করলে বোর্ডের নির্ধারিত ফরম পূরণ করে বোর্ডের সম্মতিক্রমে প্রতিষ্ঠান (মাদরাসা থেকে মাদরাসা) পরিবর্তনের (টি.সি) আবেদন ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত করা যাবে।

০৬. শিক্ষার্থীদের বয়স ১২ বছর পূর্ণ না হলে এবং ১৮ বছরের অধিক হলে দাখিল নবম শ্রেণিতে কোন ছাত্র ছাত্রী ভর্তি হতে পারবেনা।

০৭. দাখিল নবম শ্রেণিতে অধ্যয়নরত ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ছাত্র/ছাত্রীদের জন্য তারিখ জেডিসি/জেএসসি পরীক্ষায় প্রদত্ত জন্ম তারিখ অনুযায়ী হবে।

০৮. একাধিক গ্রুপ/বিভাগের জন্য একটি T.T ব্যবহার করা যাবে। কিন্তু টটলিস্ট গ্রুপ/বিভাগওয়ারী আলাদা হতে হবে।

০৯. বিভাগ ও বিষয় পরিবর্তনের আবেদন করার সময় সীমা ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত। e-SIF Submission এর পর কোন অবস্থাতেই বিভাগ ও বিষয় পরিবর্তন করা যাবে না।

১০. বোর্ডকর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতিত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা যাবেনা।

১১. দাখিল ৯ম শ্রেণির পাঠদানের অনুমতি/স্বীকৃতিপত্র এবং হালনাগাদ স্বীকৃতি নবায়নের সত্যায়িত ফটোকপি টটলিস্টের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

